

সেবার মানোন্নয়ন: বিদ্যুৎ অফিসে দুদকের অভিযান

(অভিযানের তারিখ: ০৮ আগস্ট, ২০১৮ খ্রি:)

দুদক হটলাইনে (১০৬) আসা অভিযোগের উপর ভিত্তি করে ডিপিডিসি (ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড)- এর রমনা, এনওসিএস অফিসে অভিযান চালিয়েছে দুদক। সহকারী পরিচালক মোঃ খায়রুল হকের নেতৃত্বে পুলিশসহ ০৫ সদস্যের একটি দল উল্লিখিত অফিসে বিদ্যুৎ সংযোগ প্রদান এবং বিদ্যুৎ চুরিরোধ সংক্রান্ত ঘটনার অভিযোগ পর্যবেক্ষণের জন্য এ অভিযান চলে। উক্ত অফিসে কতগুলো সংযোগের আবেদন পেন্ডিং রয়েছে, সোলার প্যানেল ইন্সটলেশন নিশ্চিত করেই সংযোগ দেয়া হচ্ছে কিনা, বকেয়া বিল আদায়ের তথ্যাদি, বিদ্যুৎ চুরি বন্ধে নিয়মিত অভিযান চলছে কিনা, ইত্যাদি পর্যালোচনা করে দুদক টিম।

টিম সরেজমিন পরিদর্শনে দেখতে পায়, ২০১৯ সালের মধ্যেই সকল সংযোগে প্রিপেইড মিটার প্রদানের বিষয়ে নির্দেশনা থাকলেও ডিপিডিসি, রমনা অফিস হতে অদ্যাবধি কোন প্রিপেইড মিটার সংযুক্ত করা হয়নি। দুদক টিম বিদ্যুত সেবা প্রদানে সুশাসন নিশ্চিতকরণ ও সেবা প্রার্থীদের ভোগান্তি দূর করার জন্য নির্বাহী প্রকৌশলী মোহসিন আব্দুল্লাহকে পরামর্শ দেন।

এ অভিযান পরিচালনা প্রসঙ্গে এনফোর্সমেন্ট অভিযানের সমন্বয়কারী দুদকের মহাপরিচালক (প্রশাসন) মোহাম্মাদ মুনীর চৌধুরী জানান, "বিদ্যুত সেক্টর সেবাখাত, এ খাতে শুদ্ধতা ও সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে দুদক নিরলস ভাবে কাজ করছে।"